

বৃদ্ধাশ্রমের সিনিয়র সিটিজেনদের জন্য বুবলীর আয়োজন -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-৩৮ ঃ মেহেরপুর-শুক্রবার ২১ নভেম্বর ২০২৫ ইং ঃ ৬ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ঃ ২৯ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



## মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ হাসিনাকে ফেরাতে নতুন কৌশল নিচ্ছে সরকার

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই অভ্যুত্থানে বর্বর হত্যাযজ্ঞ চালানোর অভিযোগে মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালকে ফেরানোর জন্য বাংলাদেশ সরকার নতুন কৌশল গ্রহণ করছে। আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল জানিয়েছেন, অন্তর্বর্তী সরকার বিষয়টিতে সর্বোচ্চ প্রচেষ্টা চালাচ্ছে। বৃহস্পতিবার (২০ নভেম্বর) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে আয়োজিত ব্রিফিংয়ে তিনি বলেন, "শেখ হাসিনা ও আসাদুজ্জামান কামালকে ফেরত আনার জন্য সরকার আন্তর্জাতিক অপরাধ আদালতের (আইসিটি) সহযোগিতা নেয়ার কথাও ভাবছে।" আইন উপদেষ্টা আরও জানান, সরকারের পক্ষ থেকে ভারতকে চিঠি পাঠানো হয়েছে,

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরকে নতুনভাবে গড়ার অঙ্গীকার

## শিক্ষা, স্বচ্ছতা ও সাংবাদিকতার উন্নয়নকে প্রাধান্য দেবেন নবাগত ডিসি ড. সৈয়দ এনামুল কবির

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরকে ছোট জেলা হিসেবে নয়, বরং স্বাধীনতার ইতিহাসসমৃদ্ধ এক সম্ভাবনাময় জনপদ হিসেবে গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেছেন নবাগত জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। দায়িত্ব গ্রহণের পর সাংবাদিকদের সঙ্গে প্রথম মতবিনিময় সভায় তিনি বলেন,

"বাংলাদেশের স্বাধীনতার সাথে ওতোপতো ভাবে জড়িত মেহেরপুর। ব্রিটিশ আমল থেকেই এই জনপদের রয়েছে গুরুত্বপূর্ণ ঐতিহ্য। তাই এই জেলার উন্নয়ন আমার কাছে দায়িত্ব নয়–এক ধরনের গৌরব।" গতকাল জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় জেলা প্রশাসক বলেন, "সাংবাদিকতার মান ও পেশাদারিত্বের দিক থেকে মেহেরপুর দেশের অন্য অনেক জেলার চেয়ে এগিয়ে। আপনাদের রিপোর্টিং বিশ্লেষণধর্মী এবং তথ্যসমৃদ্ধ–এটা সত্যিই প্রশংসনীয়।" তিনি নবীন সাংবাদিকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির




জন্য প্রশিক্ষণের উদ্যোগ নেওয়ার ঘোষণা দেন।

জেলার শিক্ষার মান নিয়ে উদ্বেগ প্রকাশ করে ড. সৈয়দ এনামুল কবির বলেন, "মেহেরপুর শিক্ষায় পিছিয়ে আছে–এটা খুবই অস্বস্তিকর বিষয়। তাই শিক্ষা খাতে বিশেষ নজর দেওয়া হবে। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে নিয়মিত ভিজিট বাড়ানো হবে। শিক্ষক-অভিভাবক ও সংশ্লিষ্টদের সঙ্গে বসে সমস্যা চিহ্নিত করে সমাধানের উদ্যোগ নেওয়া হবে।" তিনি আরও বলেন, "শিক্ষা খাতকে ঠিক করতে হলে সঠিক তথ্য প্রয়োজন। সেই তথ্য সংগ্রহে সাংবাদিকদের সহযোগিতা চাইবো।" ড. সৈয়দ এনামুল কবির বলেন, "সরকারি কর্মকর্তা হিসেবে নিয়ম-কানুন মেনে চলাই আমাদের প্রথম দায়িত্ব। এই নিয়মের বাইরে যাওয়ার কোনো সুযোগ নেই। প্রথম দিন থেকেই সব দপ্তরকে জানিয়ে দিয়েছি–দুর্নীতি সহ্য করা হবে না। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করাই আমাদের লক্ষ্য।" তিনি আরও বলেন, "আমি যে ভাষায়, যে দৃঢ়তায় আজ কথা বলছি, শেষ দিন পর্যন্ত আমাকে এমনভাবেই পাবেন।" সাংবাদিকদের উদ্দেশে জেলা প্রশাসক বলেন, "আমার কাজে যদি কোনো

২-এর পৃষ্ঠা দেখুন



## আধুনিকতার ধাক্কায় হারিয়ে যাচ্ছে লোকজ ঐতিহ্য হাডুডু খেলা

মিজানুর রহমান অপু

এক সময় বিকেল হলেই গ্রামের মাঠ, স্কুলের উঠোন, নদীর চর কিংবা খোলা মাঠ জুড়ে উঠত ছেলেমেয়েদের কণ্ঠে প্রাণচাঞ্চল্য–"হাডুডু হাডুডু!" শ্বাস আটকে, চোখে আগুন নিয়ে ছোটাছুটি করা খেলোয়াড়েরা যেন যুদ্ধ করতে নামত, তবে সেটা ছিল নিখাদ আনন্দের যুদ্ধ। হাডুডু, আমাদের জাতীয় খেলা, এখন যেন শুধুই শোনানো গল্প হয়ে যাচ্ছে নতুন প্রজন্মের কাছে। হাডুডু কেবল একটি খেলা নয়–এটি লোকজ সাহস, শারীরিক কৌশল ও দলগত চেতনার নিখুঁত প্রতিচ্ছবি। একদল রক্ষার দায়িত্বে, আরেক দল আক্রমণে। "হাডুডু হাডুডুচ বলে শ্বাসরুদ্ধ করে প্রতিপক্ষের এলাকায় প্রবেশ, তাদের স্পর্শ করে নিরাপদে ফিরে আসার মধ্যে ফুটে ওঠে কৌশল, সাহসিকতা আর শরীরচর্চার অপরূপ সংমিশ্রণ। এটি বাংলাদেশের সরকার স্বীকৃত জাতীয় খেলা। আন্তর্জাতিকভাবে এটি পরিচিত কাবাডি নামে। খেলার মাঠের সংকট,

২-এর পৃষ্ঠা দেখুন



## আমজাদ হোসেন: শিক্ষার ভিত্তি দুর্বল হলে জাতি এগোতে পারে না

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও ধানের শীষের মনোনীত প্রার্থী আমজাদ হোসেন বলেছেন, "একসময় শিক্ষার্থীদের নকলের মাধ্যমে হাতে লিখে পাস করানোর অভ্যাস ছিল। তাতে শিক্ষার মানের উন্নতি হয়নি, জাতিরও উন্নতি হয়নি। শিক্ষার ভিত্তি দুর্বল থাকলে কোনো জাতিই এগোতে পারে না। এমনকি শিক্ষার্থীরা

২-এর পৃষ্ঠা দেখুন

## কৃষকের গোয়াল ঘর থেকে গাভী চুরি

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের আব্দুর রহিমের গোয়াল ঘর থেকে এক গাভী চুরি হয়েছে। বুধবার দিবাগত রাতে ঘটানো এই চুরির ঘটনা ভুক্তভোগী পরিবার ও এলাকাবাসীকে অতংকিত করে দিয়েছে। পরিবারের সদস্যরা জানিয়েছেন, গোয়াল ঘরে মোট ৫টি গরু ছিল। ভোরের দিকে অজ্ঞাত চারজন চোর প্রধান ফটকের তালা ভেঙ্গে ভিতরে প্রবেশ করে। গরুর অস্বাভাবিক আওয়াজে পরিবারের লোকজন ঘুম থেকে জেগে ওঠে। চোরেরা আগেই বাইরে থেকে গেট বন্ধ করে দেয়। বাড়ির বারান্দা থেকে দেখা যায়, চোরেরা পাঁচটি গরু

২-এর পৃষ্ঠা দেখুন




## অটো চালকদের নিয়ে জামায়াতের পৌর শাখার সম্মেলন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে অটোরিকশা চালকদের নিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর পৌর শাখার উদ্যোগে এক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে শহরের কমিউনিটি সেন্টারে এ সম্মেলনের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জামায়াতে ইসলামী মেহেরপুর পৌর শাখার আমীর সোহেল রানা ডলার। প্রধান

২-এর পৃষ্ঠা দেখুন

## জীবননগরে মাদকবিরোধী অভিযানে ফেন্সিডিল ও গাঁজা উদ্ধার

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় পৃথক অভিযান চালিয়ে বিজিবি মালিকবিহীন অবস্থায় একটি মোটরসাইকেলসহ ৫৭ বোতল ভারতীয় ফেন্সিডিল এবং চার কেজি গাঁজা উদ্ধার করেছে। গতকাল বৃহস্পতিবার মহেশপুর ব্যাটালিয়নের (৫৮ বিজিবি) সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী, মহেশপুর ব্যাটালিয়নের উথলী বিওপির একটি দল হাবিলদার ইছাব্বর আলীর নেতৃত্বে সকাল ৯টার দিকে সীমান্ত পিলার ৭১/২-এস

২-এর পৃষ্ঠা দেখুন



## নবাগত ডিসির সাথে পূজা পরিষদ-মহিলা অধিদপ্তরের সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে নবাগত জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবিরের সঙ্গে পৃথকভাবে সৌজন্য সাক্ষাৎ করেছেন জেলা পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দ ও মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক। গতকাল বৃহস্পতিবার বিকালে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রথমে সাক্ষাৎ করেন জেলা পূজা উদযাপন পরিষদের আহ্বায়ক সঞ্জীব কুমার বাপ্পি, সদস্য সচিব ড. অশোক কুমার, অ্যাডভোকেট বিমল কুমার বিশ্বাস, জয়দেব

২-এর পৃষ্ঠা দেখুন




## আল-আকসা মডেল মাদ্রাসার উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

আধুনিক শিক্ষায় আলোকিত ও ইসলামী আদর্শে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান আল-আকসা মডেল মাদ্রাসার আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে। বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে মাদ্রাসাটির উদ্বোধন করা হয়। মেহেরপুর গড় মসজিদের পেশ ইমাম ও আল-আকসা মডেল মাদ্রাসার অন্যতম পরিচালক হাফেজ বায়েজিদ হোসেন উদ্বোধনী ফিতা কেটে প্রতিষ্ঠানের কার্যক্রমের সূচনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রতিষ্ঠানের উপদেষ্টা মিজানুর রহমান, বেলাল হোসেন, রফিকুল আলম ও শামসুল আলমসহ অন্যান্য বক্তারা। বক্তারা

২-এর পৃষ্ঠা দেখুন

## এখনও ইসির ডাক পায়নি জাপা ও ১৪ দল শরিকরা

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ঘনিয়ে আসার প্রেক্ষাপটে রাজনৈতিক দলগুলোর সঙ্গে নির্বাচন কমিশনের (ইসি) ধারাবাহিক সংলাপ শেষ হচ্ছে । তবে শেষ পর্যন্ত কার্যক্রম নিষিদ্ধ জাতীয় পার্টি (জাপা) ও আওয়ামী লীগ নেতৃত্বাধীন ১৪ দলের ছয় শরিককে ডাকা হয়নি–যা নিয়ে রাজনৈতিক অঙ্গনে নতুন প্রশ্নের সৃষ্টি হয়েছে। ইসির কর্মকর্তারা বিষয়টি নিয়ে আনুষ্ঠানিক মন্তব্য না করলেও সংলাপের চতুর্থ দিন শেষ হওয়ায় প্রায় নিশ্চিত হয়ে গেছে–এই সাতটি দলকে আর ডাকা হচ্ছে না। ১৩ নভেম্বর থেকে শুরু হওয়া সংলাপে বুধবার পর্যন্ত মোট ৪৮টি নিবন্ধিত দলকে

২-এর পৃষ্ঠা দেখুন




## জেলা প্রশাসক সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির মেহেরপুরের সার্বিক উন্নয়নে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা সরকারি কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় এ আহ্বান জানান। মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত মাসিক জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির সভাপতিত্ব করেন। সভায় জেলার বিভিন্ন সরকারি ও আধাসরকারি বিভাগের প্রতিনিধিরা উপস্থিত

২-এর পৃষ্ঠা দেখুন

### আপিল বিভাগের ঐতিহাসিক রায়

## সংবিধানে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পুনর্বহাল

সূর্যোদয় প্রতিবেদন

বহুল আলোচিত নির্বাচনকালীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিলের রায় অবৈধ ঘোষণা করে তা পুনর্বহাল করেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। বৃহস্পতিবার প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে সাত সদস্যের বৃহত্তর বেঞ্চ এ যুগান্তকারী রায় ঘোষণা করেন। একই সঙ্গে সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বৈধ ঘোষণা করায় দীর্ঘ এক যুগ পর আবারও সংবিধানে ফিরল তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা। বেঞ্চের অপর সদস্যরা ছিলেন– বিচারপতি মো. আশফাকুল ইসলাম, বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী, বিচারপতি মো. রেজাউল হক, বিচারপতি এস এম ইমদাদুল হক, বিচারপতি এ কে এম আসাদুজ্জামান ও বিচারপতি ফারাহ মাহবুব। রায় ঘোষণার সময় আদালতকক্ষ আইনজীবী, গণমাধ্যমকর্মী ও উপস্থিত জনসাধারণে কানায় কানায় পূর্ণ ছিল। রায়ের তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী জয়নুল আবেদীন বলেন, "এই রায়ের ফলে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা পুনর্বহাল হলো। জনগণ এখন নির্দ্বিধায় ভোট দিতে পারবেন।" তিনি একে দেশের গণতন্ত্রের জন্য ইতিবাচক মোড় হিসেবে উল্লেখ করেন। রায়ের ফলে সংবিধানে স্বয়ংক্রিয়ভাবে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা ফিরলেও আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে অন্তর্বর্তী সরকারের অধীনে। চতুর্দশ জাতীয় নির্বাচন থেকে সম্পূর্ণরূপে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা কার্যকর হবে বলে রায়ে উল্লেখ করা হয়েছে।

গত বছরের অক্টোবরে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, সুজনের সম্পাদক ড. বদিউল আলম মজুমদারসহ পাঁচ বিশিষ্ট ব্যক্তি, জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া

২-এর পৃষ্ঠা দেখুন

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর ঃ(সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট)

শিক্ষা জাতির মেরুদন্ড
বলছে শুনছি লোকে
শিক্ষকই যদি না থাকেতো
চলবে কেমন করে।
শিক্ষার মান তলানিতে
নামছে আরো নিচে
দেশের শিক্ষার তুলনাতে
আমরা অনেক পিছে।
মানসম্মত শিক্ষা পেতে
শিক্ষক হবে তেমন
শিক্ষার ক্ষেত্রে অনেক পিছে
ধস নেমেছে যেমন।
সরকারিভাবে উদ্যোগ নিলে
শূন্য হবে পূর্ণ
তা না হলে শিক্ষার ঝুড়ি
ফলাফল হবে শূন্য।

সিসি ক্যামেরা নিয়ন্ত্রিত
আবুল কাসেম স্যার পরিচালিত
সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজে
নার্সারি থেকে ১০ম শ্রেণি (বিজ্ঞান ও মানবিক শাখায়)
ইংলিশ স্পোকেন
ইন্টিগ্রেটেড ভার্সন
আবাসিক
নূরানী আরবি শিক্ষা
সমৃদ্ধ ল্যাব ও লাইব্রেরি
ডে-কেয়ার
ভর্তি চলছে
কেন্দ্রীয় ঈদগাহ রোড, গাংনী, মেহেরপুর, ফোন ঃ ০১৭১০-১১৬৮২৮

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✔ অথেনটিক প্রোডাক্ট
✔ সেরা দাম
✔ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় আন অফিসিয়াল রিফারবিশড বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন- প্রধান সড়ক -মেহেরপুর .
হেল্পলাইন: ০১৭১২-৫১১১৮১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শুক্রবার ॥ ৬ অগ্রহায়ন ১৪৩২ বাংলা ॥ ২১ নভেম্বর ২০২৫ইং

## শিক্ষক কর্মবিরতিতে স্থবির সাত কলেজ, অনিশ্চয়তায় শিক্ষার্থীরা

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর সরকারি সাত কলেজে টানা তিন দিনের শিক্ষক কর্মবিরতিতে স্থবির হয়ে পড়েছে পুরো একাডেমিক কার্যক্রম। বৃহস্পতিবার ছিল কর্মবিরতির তৃতীয় দিন। সামনে দুই দিনের সাপ্তাহিক ছুটি মিলিয়ে টানা পাঁচ দিন ক্লাসপরীক্ষা বন্ধ থাকায় চরম ভোগান্তিতে পড়েছেন শিক্ষার্থীরা। রোববার থেকে আরও কঠোর কর্মসূচি ঘোষণার আভাস দিয়েছেন শিক্ষকরা। প্রস্তাবিত 'ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি'র ভর্তি নিশ্চায়ন ও শ্রেণিকক্ষ কার্যক্রম শুরু করার নির্দেশ 'আইনসিদ্ধ নয়' দাবি করে মঙ্গলবার থেকে কর্মবিরতি পালন করছেন বিসিএস সাধারণ

৩-এর পৃষ্ঠা দেখুন

# বিএনপির প্রার্থী তালিকা পুনর্মূল্যায়ন আসন ও নাম পরিবর্তনের সম্ভাবনা

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় সংসদ নির্বাচনের আগে বিএনপি তাদের ঘোষিত প্রার্থী তালিকা পুনর্মূল্যায়ন করছে। ২৩৭ আসনের প্রাথমিক তালিকায় ২৫ থেকে ৩০টি আসনে পরিবর্তন আনা হতে পারে। বিশেষ করে হেভিওয়েট সিনিয়র নেতাদের মধ্যে যাদের নাম তালিকায় নেই, তাদের অন্তর্ভুক্তি করা হতে পারে। এছাড়া যুগপৎ আন্দোলনের শরিক ও সমমনা দলগুলোর নেতাদের জন্যও অন্তত ২০টি আসনে নতুন প্রার্থী যোগ হতে পারে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু বলেছেন, "বিএনপি একটি বড় রাজনৈতিক দল। যোগ্য প্রার্থী অনেক। মনোনয়ন ঘোষণায় কিছু ক্ষোভ-বিক্ষোভ স্বাভাবিক। তবে ফাঁকা আসনের সবগুলো শরিকদের জন্য রাখা হবে না।" সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, "বৃহৎ দলে একাধিক যোগ্য প্রার্থী থাকা স্বাভাবিক। মনোনয়ন পুনর্মূল্যায়ন প্রয়োজন হলে তা খতিয়ে দেখা হচ্ছে।" তালিকা ঘোষণার পর বিএনপি সম্ভাব্য প্রার্থীদের মাঠের কর্মকাণ্ড মনিটর করছে। মনোনয়নবঞ্চিত ও ত্যাগী নেতাদের সঙ্গে ঘোষিত প্রার্থীদের আচরণ পর্যবেক্ষণ করছে দল। তৃণমূলে বিরোধ ও ক্ষোভ দেখা দিলে কঠোর ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। ইতিমধ্যে কমপক্ষে সাত জেলায় বিক্ষোভ, প্রতিবাদ সমাবেশ ও সড়ক-রেলপথ অবরোধের ঘটনা ঘটেছে। চট্টগ্রাম, মাদারীপুর, মেহেরপুর, সাতক্ষীরা, চাঁদপুর, ময়মনসিংহ, রাজশাহী, নাটোর, নওগাঁ ও মুন্সিগঞ্জ এসব জেলায় সংঘর্ষের ঘটনা জানা গেছে। প্রাথমিক তালিকায় ৮৪ জন নতুন প্রার্থী রয়েছেন। তাদের মধ্যে অন্তত ১০ জনের বাবা-মা পূর্বে এমপি ছিলেন। ৯ জন নারী এবং চারজন ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘু প্রার্থী তালিকায় আছেন। শীর্ষ নেতাদের সন্তান, ভাই বা স্ত্রীরাও এবার মনোনয়নবঞ্চিত হয়েছেন। দলীয় নীতিতে এক পরিবারে একজন প্রার্থী হওয়ায় পরিবারের অন্য সদস্যদের মনোনয়ন দেওয়া হয়নি।

৩-এর পৃষ্ঠা দেখুন

## বন্দর চুক্তিকে অস্বচ্ছ গোপন আখ্যা দিয়ে জামায়াতের উদ্বেগ

সূর্যোদয় প্রতিবেদন

চট্টগ্রাম বন্দরের লালদিয়া ও পানগাঁও টার্মিনাল বিদেশি অপারেটরের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্তকে 'অস্বচ্ছ ও গোপন' আখ্যা দিয়ে উদ্বেগ প্রকাশ করেছে জামায়াতে ইসলামী। বুধবার এক বিবৃতিতে দলের সহকারী সেক্রেটারি জেনারেল মুহাম্মদ শাহজাহান অভিযোগ করেন, বন্দর কার্যত বিদেশিদের হাতে তুলে দেওয়ার মতো স্বার্থবিরোধী পদক্ষেপ নেওয়া হয়েছে, যা দেশের অর্থনীতি, নিরাপত্তা ও সার্বভৌমত্বের জন্য স্পর্শকাতর। বিবৃতিতে দাবি করা হয়, কোনো দরপত্র ছাড়া 'স্বৈরাচারের আত্মীয়স্বজনের সঙ্গে সম্পৃক্ত' বিদেশি কোম্পানিকে নিউমুরিং

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## সুস্থ থাকতে দৈনন্দিন ছোট পরিবর্তন

সূর্যোদয় প্রতিবেদন

সুস্থ শরীর-মন গঠনে বড় পরিবর্তন নয়, বরং ছোট ছোট অভ্যাসই দিতে পারে দীর্ঘমেয়াদি উপকার। গবেষণা বলছে, নিয়মিত কিছু সহজ অভ্যাস মানসিক চাপ কমায়, ঘুমের মান বাড়ায় এবং সামগ্রিক স্বাস্থ্য উন্নত করে। মুখের মতো হাতের যত্নও জরুরি। প্রতিবার ধোয়ার পর গ্লিসারিন বা সূর্যমুখী বীজের তেলসমৃদ্ধ ময়শ্চারাইজার দিয়ে হাতে ম্যাসাজ করলে খসখসে ভাব কমে এবং ত্বক নরম থাকে। ভালো কাজে সময় ব্যয় করলে মন ভালো থাকে। গবেষণায় দেখা গেছে, উদ্বেগে ভোগা অনেকেই স্বেচ্ছাসেবী কাজে যুক্ত হয়ে মানসিকভাবে স্বস্তি অনুভব করেন। ড্রয়ার, আলমারি, শেলফের বাড়তি জিনিসপত্র সরিয়ে ফেললে ঘর যেমন গোছানো হয়, তেমনি মনও হালকা লাগে। বিশৃঙ্খল পরিবেশ মানসিক চাপ বাড়ায়–এটি গবেষণায়ও প্রমাণিত।'স্লিপ হেলথ'-এর এক গবেষণায় বলা হচ্ছে–সকালের রোদে আসলে ঘুমের মান ভালো হয়। সকালবেলা জানালা-পর্দা খুলে ঘরে আলো ঢুকতে দিলে রাতে ঘুম গভীর হয় এবং খিটখিটে ভাব কমে। স্ক্রিন ব্যবহারের কারণে বাড়ছে চোখের চাপ। প্রতি ২০

৩-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে বিএনপির লিফলেট বিতরণ ও গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনীতে বিএনপির লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২০ নভেম্বর) দুপুরে গাংনী বাজার এলাকায় জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের নেতৃত্বে এই কর্মসূচি পরিচালিত হয়। জাভেদ মাসুদ মিল্টন জানান, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান দেশনায়ক তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবিনামার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো জনগণের ভোটাধিকার পুনরুদ্ধার। তিনি বলেন, "উন্নয়নের প্রতীক ধানের শীষে ভোট দিলে দেশ ও গণতন্ত্র বাঁচবে, মানুষের অধিকার ফিরবে।" তিনি আরও উল্লেখ করেন, ধানের শীষ বিজয়ী হলে প্রতিটি পরিবারকে ফ্যামিলি কার্ডের আওতায় এনে অর্থনৈতিক নিরাপত্তা নিশ্চিত করা হবে এবং কৃষক, জেলে ও শ্রমজীবী মানুষের জীবনমান উন্নয়নের জন্য

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় তক্ষকসহ আটক এক

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

বুধবার (১৯ নভেম্বর) রাত ৮টার দিকে চুয়াডাঙ্গার সরিষাডাঙ্গা থেকে বন্যপ্রাণীসহ আব্দুল আজিজকে গ্রেপ্তার করেছে র‌্যাব। গ্রেপ্তারকৃত আব্দুল আজিজ সরিষাডাঙ্গা গ্রামের মৃত মকবুল হোসেনের ছেলে। আব্দুল আজিজ জানিয়েছে, কয়েক বছর আগে খাগড়াছড়ির পাহাড় থেকে ৩টি তক্ষক ধরে নিজ বাড়িতে প্লাস্টিকের ঝুড়িতে লালন পালন করছিলেন। মেহেরপুর র‌্যাব-১২ গাংনী ক্যাম্পের কমান্ডার ওয়াহিদুজ্জামান (এস) বিএন জানিয়েছেন, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে আব্দুল আজিজকে গ্রেপ্তার করা হয় এবং তার হেফাজত থেকে ৩টি তক্ষক উদ্ধার করা হয়। উদ্ধারকৃত তক্ষকের আনুমানিক মূল্য প্রায় ৬০ লাখ টাকা। গ্রেপ্তারকৃত আব্দুল আজিজের বিরুদ্ধে বন্যপ্রাণী সংরক্ষণ আইনে মামলা করা হয়েছে এবং তাকে চুয়াডাঙ্গা সদর থানায় সোপর্দ করা হয়েছে।



## চুয়াডাঙ্গা-দর্শনা সড়ক সংস্কারেও বেহাল অবস্থা

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার চুয়াডাঙ্গা-দর্শনা আঞ্চলিক সড়ক নতুনভাবে সংস্কার করা হলেও চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। আড়াই বছরে অন্তত ১০ বার জোড়াতালি দেওয়া হয়েছে, তবুও সড়ক খানা-খন্দে ভরা থাকায় দুর্ঘটনা ঘটছে প্রায়ই। স্থানীয়রা অভিযোগ করছেন, উন্নয়নের আড়ালে সড়ক নির্মাণে কোটি কোটি টাকা লুটপাট হয়েছে। সড়ক ও জনপথ বিভাগ জানায়, ২০২২ সালের ফেব্রুয়ারি থেকে ৯.৭ কিলোমিটার অংশ সংস্কার করা হয় ৮ কোটি ৬২ লাখ টাকায়। ঠিকাদারি প্রতিষ্ঠান জহিরুল লিমিটেড হলেও বাস্তবায়ন করেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহ্বায়ক। উপ-বিভাগীয় প্রকৌশলী মোহাম্মদ সুজাত কাজী বলেন, "এ সড়ক পুনর্নির্মাণ করা প্রয়োজন। শুধুমাত্র কার্পেটিংয়ের ফলে খানা-খন্দ তৈরি হয়েছে। চলাচল নির্বিঘ্ন রাখতে নিয়মিত মেরামত করা হচ্ছে।"



## কুষ্টিয়ায় বিএনপির মনোনয়নবিতর্ক মহাসড়ক অবরোধ ও বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়া-৪ (কুমারখালী-খোকসা) আসনে মনোনয়ন পরিবর্তনের দাবিতে বিএনপির একাংশের নেতাকর্মীরা বৃহস্পতিবার (২০ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ৬টার দিকে কুমারখালী এলাকায় মহাসড়ক অবরোধ ও বিক্ষোভ মিছিল করেছেন। তারা আগুন জ্বালিয়ে সড়ক অবরোধ করলে দীর্ঘ যানজট সৃষ্টি হয় এবং পথচারীরা চরম ভোগান্তিতে পড়েন। বিক্ষোভ মিছিলটি কুমারখালী হলবাজার থেকে শুরু হয়ে শহরের গণমোড়, থানামোড় ও স্টেশনবাজার প্রদক্ষিণ করে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়ক অবরোধ করে। মিছিলে কয়েক শত নেতাকর্মী অংশ নেন এবং 'আনছার প্রামাণিককে নমিনেশন দিতে হবে' স্লোগান দেন। কুমারখালী পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক রবিউল ইসলাম অভিযোগ করেন, দীর্ঘদিন দলের ত্যাগী ও সংগঠক আনছার প্রামাণিককে বাদ দিয়ে সৈয়দ মেহেদী আহমেদ রুমীকে মনোনয়ন

৩-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে এনসিপি ভলিবল বিতরণ

নিজস্ব প্রতিবেদক

গাংনী উপজেলার দুর্লভপুর গ্রামে খেলাধুলার মান উন্নয়ন এবং মাদকমুক্ত সমাজ গঠনের লক্ষ্যে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ভলিবল বিতরণ করেছে। গতকাল বৃহস্পতিবার উপস্থিত থেকে খেলোয়ারদের হাতে ভলিবল তুলে দেন এনসিপির কেন্দ্রীয় যুগ্ম মুখ্য

৩-এর পৃষ্ঠা দেখুন



## এখন থেকেই তত্ত্বাবধায়ক সরকারের আদলে দেশ চালানঃ আমীর খসরু

সূর্যোদয় প্রতিবেদন

তত্ত্বাবধায়ক সরকার পুনর্বহাল বিষয়ে আদালতের রায়কে স্বাগত জানিয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, নির্বাচনের দিন পর্যন্ত বর্তমান অন্তর্বর্তীকালীন সরকারকে কেয়ারটেকার সরকারের আদলে রাষ্ট্র পরিচালনা করতে হবে। তিনি

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রায় ৭৫০ বছরের ঐতিহ্য মন্ডিত তাওহিদ ও শিরক, সুন্নাত ও বিদয়াতের পার্থক্যকারী বিশ্ব মুসলিম ঐক্যের প্রতীক

দরবারে ফুরফুরার

মরহুম গদ্দিনশীন পীর হযরত মাওলানা আবুল আনছার মুহাম্মাদ আব্দুল কাহ্হার সিদ্দিকী আল কোরাইশী (রহ.) কর্তৃক প্রতিষ্ঠিত জমিয়তুল মুসলিমীন হিযবুল্লাহ, মেহেরপুর জেলা মারকাজের উদ্যোগে

বার্ষিক ওয়াজ মাহফিল ও ইসালে-সাওয়াব

তারিখঃ ২২ নভেম্বর'২৫ ইং
রোজঃ শনিবার সময়ঃ বাদ আছর

স্থানঃ দারুর-রহমত খানকায়ে ফুরফুরা
মেহেরপুর জেলা মারকাজ, রহমতপুর (দফরপুর)
(মেহেরপুর-মহাজনপুর রোডে রায়পুর ও কোলা গ্রামের মাঝে)

তাশরীফ আনবেন

মরহুম গদ্দিনশীন পীর হযরত মাওলানা আবুল আনছার মুহাম্মাদ আব্দুল কাহ্হার সিদ্দিকী আল কোরাইশী (রহঃ)-এর সুযোগ্য ছোট সাহেবজাদা

শাহ্ ফতেহ্ আলী মুহাম্মাদ আয়াতুল্লাহ্ সিদ্দিকী আল-কোরাইশী

ওয়াজ করবেন ঃ

বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ
হযরত মাওঃ আওয়াবুল্লাহ্ ইব্রাহিম
অধ্যক্ষ, পাংশা সিদ্দিকিয়া ফাজিল মাদরাসা, রাজবাড়ী।

হযরত মাওঃ মোঃ আব্দুল খালেক
মুয়াল্লিম, পাকশী ফুরফুরা দরবার

হযরত মাওঃ মোঃ আবুল কালাম
চৌগাছা, যশোর

আরো ওয়াজ করবেন পীর সাহেব হুজুরের সফরসঙ্গী, স্থানীয় ওলামায়ে কেরাম ও মুবাল্লিগগণ।

পরিচালনা করবেনঃ আলহাজ্ব হযরত মাওঃ আব্বাচ আলী প্রবীণ খলিফা, ফুরফুরা শরীফ

দলমত নির্বিশেষে উক্ত মাহফিলে যোগদান করে দোজাহানের খায়ের ও বরকত লাভ করুন।

এন্তেজামেঃ মেহেরপুর জেলা মারকাজ কমিটি, রহমতপুর, মেহেরপুর।

১৫ ডিসেম্বর থেকে অত্র মাদরাসায় ভর্তি শুরু হবে

মনে রাখবেনঃ ফুরফুরা দরবার ঢাকা দারুস সালামে আগামী ৩০, ৩১ ডিসেম্বর ২০২৫ ও ১, ২ জানুয়ারী ২০২৬ ওয়াজ মাহফিল ও ইসালে সাওয়াব অনুষ্ঠিত হবে।

জামান বস্ত্রালয়

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## নিজেদের তৈরি বিদ্যুৎচালিত বিমান উদ্বোধন করল আমিরাত

সূর্যোদয় প্রতিবেদন

নিজেদের তৈরি প্রথম হাইব্রিড কার্গো বিমান উদ্বোধন করেছে সংযুক্ত আরব আমিরাত।গত বৃহস্পতিবার আমিরাতের প্রেসিডেন্ট শেখ জায়েদ বিন মোহম্মদ বিন জায়েদ আল নাহি-য়ান রাজধানী আবুধাবিতে বিমানটির উদ্বোধন করেন। আমিরাতভিত্তিক কোম্পানি লুদ অটোনোমাসের তৈরি এই কার্গো বিমানটির নাম রাখা হয়েছে 'হেলি'। বিমানটিকে 'হাইব্রিড' বলার কারণ– এটি সম্পূর্ণ বিদ্যুৎচালিত বিমান। সংবাদমাধ্যম গালফ নিউজকে লুদ অটোনমাসের শীর্ষ নির্বাহী কর্মকর্তা মাতার আল মান্নায়েই জানান, সম্পূর্ণ চার্জড অবস্থায় হেলি সর্বোচ্চ ২৫০ কেজি মালপত্র নিয়ে একটানা ৭০০ কিলোমিটার পথ উড়তে



সক্ষম।দুর্গম এবং বিমান উড্ডয়ন-অবতরণ সংক্রান্ত অবকাঠামো সীমিত– এমন এলাকায় পৌঁছানোর ক্ষেত্রে জ্বালানি তেলচালিত কার্গো বিমানের চেয়ে হেলি অনেক

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



ডা: মো: শাহিনুর রশিদ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন-রাত মানবিক সেবার লক্ষে

কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)
কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্যঃ ০১৭৫৭-৮২৮২৭৮

স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেনঃ প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেনঃ প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেনঃ প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অব্স এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেনঃ প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --

হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

| | | |
|---|---|---|
| ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন |

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শুক্রবার, ২১ নভেম্বর ২০২৫ ইং

## মেহেরপুরের প্রাথমিক শিক্ষায় সংকট এখনই কার্যকর পদক্ষেপ প্রয়োজন

মেহেরপুরের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক সংকট দীর্ঘদিনের সমস্যা হলেও এখন তা ভয়াবহ আকার ধারণ করেছে। বহু বিদ্যালয়ে শিক্ষক শূন্যপদ বছরের পর বছর পূরণ না হওয়ায় পাঠদানে তৈরি হয়েছে বড় ধস। জেলা সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার বেশিরভাগ স্কুলেই প্রয়োজনের তুলনায় শিক্ষক কম–ফলে একজন শিক্ষককে একাধিক শ্রেণি সামলাতে হচ্ছে। এমন পরিস্থিতিতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করা তো দূরের কথা, ন্যূনতম শিক্ষাদানও ব্যাহত হচ্ছে। জুগিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ২৫ বছর ধরে স্থায়ী প্রধান শিক্ষক নেই–এ যেন প্রশাসনিক অদক্ষতার নগ্ন উদাহরণ। সিংহাটি, হাসনাবাদসহ বহু প্রতিষ্ঠানে একই পরিস্থিতি। শিক্ষক নেই, উপকরণ নেই, নিয়মিত ক্লাস নেই। যেখানে ৭ জন থাকার কথা, সেখানে ৪ জন শিক্ষক দিয়ে বিদ্যালয় পরিচালনা করতে হচ্ছে। ফলে পাঠদানে ধারাবাহিকতা নষ্ট হচ্ছে, মূল বিষয়ে শিখন ঘাটতি ভয়াবহ-ভাবে বাড়ছে। প্রাথমিক শিক্ষা অফিসের তথ্য আরও উদ্বেগজনক–২০২৫ সালের প্রথমার্ধে বার্ষিক মূল্যায়নে প্রায় ৩০ শতাংশ শিক্ষার্থী প্রত্যাশিত মানের নিচে। বিদ্যালয়ে উপস্থিতির হার ৮৮ শতাংশ হলেও শেখার মান কমে যাওয়া শিক্ষাব্যবস্থার গভীর অসুস্থতার ইঙ্গিত দেয়।

অভিভাবকরা স্বাভাবিকভাবেই হতাশ। রেশমি জাহান নাসে বলেন, "শিক্ষকদের অনিয়ম, উপকরণের অভাব আর মানসম্মত ক্লাস না হওয়ায় বাচ্চাদের শেখার আগ্রহ কমে যাচ্ছে।" বাস্তব চিত্রও তাই বলছে। সহপাঠমূলক কার্যক্রম স্থবির, পর্যাপ্ত বই-উপকরণ নেই, টিচিং-লার্নিং পরিবেশ দুর্বল–সব মিলিয়ে শিশুরা শেখাকে 'বোঝা' হিসেবে দেখছে। যদিও জেলা প্রাথমিক শিক্ষা অফিস দাবি করছে–নিয়োগ প্রক্রিয়া চলছে, প্রশিক্ষণ ও মনিটরিং জোরদার হচ্ছে, অবকাঠামো উন্নয়নও অব্যাহত। কিন্তু মাঠপর্যায়ের বাস্তবতা ভিন্ন কথা বলে। মূল সমস্যা–দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক শূন্য থাকা, শিক্ষক সংকট, প্রশাসনিক দুর্বলতা এবং কার্যকর তদারকির অভাব। এসব সার্বিক চ্যালেঞ্জ মোকাবিলা ছাড়া মানসম্মত শিক্ষা ফিরিয়ে আনা সম্ভব নয়। মেহেরপুরের প্রাথমিক শিক্ষা এখন সংকটের মোড়লঘরে দাঁড়িয়ে। প্রাথমিক ভিত্তি দুর্বল হলে ভবিষ্যৎ প্রজন্ম পিছিয়ে পড়বে–এ কথা নতুন নয়। তাই এখনই প্রয়োজন দ্রুত শিক্ষক নিয়োগ, প্রধান শিক্ষক পদ পূরণ, বিদ্যালয়ভিত্তিক তদারকি বৃদ্ধি এবং অভিভাবকুশিক্ষকুজনপ্রতিনিধিদের যৌথ উদ্যোগ। সরকারি কার্যক্রম চলমান থাকলেও মাঠপর্যায়ে বাস্তবায়নই বড় কথা। মেহেরপুরের শিশুদের ভবিষ্যৎ বাঁচাতে শিক্ষক সংকট নিরসন ও শিক্ষা ব্যবস্থায় শৃঙ্খলা ফেরানো এখন সময়ের দাবি।

## আধুনিকতার ধাক্কায় হারিয়ে যাচ্ছে

(প্রথম পৃষ্টার পর)

াশহুরে জীবনের ব্যস্ততা ও মোবাইল গেমের প্রতি আসক্তি, লোকজ খেলাকে অবহেলার দৃষ্টিতে দেখা, শিক্ষাপ্রতিষ্ঠানে প্রথাগত খেলাধুলা বাদ দিয়ে শুধুই পাঠ্যবইয়ের চাপ, সরকারি পৃষ্ঠপোষকতার অভাব এ ধরণের বিভিন্ন কারণে মেহেরপুর থেকে হারিয়ে যাচ্ছে লোকজ ঐতিহ্য জাতীয় খেলা হাডুডু। হাডুডু খেলায় বেশকিছু উপকরিতাও আছে। যেমনঃ ফুসফুস ও দেহের শক্তি বাড়ায়, কৌশল, ক্ষিপ্রতা ও সাহসিকতা তৈরি করে, দলগতভাবে কাজ করতে শেখায়, খেলোয়াড়দের মধ্যে বন্ধন ও আত্মবিশ্বাস গড়ে তোলে, কোনো যন্ত্রপাতি বা খরচ লাগে না–গ্রামের দরিদ্র শিশুরাও খেলতে পারে।

বিশেষজ্ঞরা বলছে হাডুডু খেলা ফিরিয়ে আনতে কিছু প্রয়োজনিও উদ্দ্যোগ নেওয়া উচিৎ যেমনঃ ১. প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে হাডুডু প্রতিযোগিতা বাধ্যতামূলক করা। ২. উপজেলা পর্যায়ে লোকজ খেলা উৎসব চালু করা। ৩. মিডিয়ায় হাডুডু খেলাকে তুলে ধরা–নাটক, অনুষ্ঠান, বিজ্ঞাপনে। ৪. স্থানীয় সরকার ও যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে প্রশিক্ষণ ও প্রতিযোগিতা আয়োজন। ৫. 'হাডুডু দিবস' পালনের মাধ্যমে জাতীয়ভাবে সচেতনতা বৃদ্ধি। যদি আমরা এখনই লোকজ ঐতিহ্যের দিকে ফিরে না তাকাই, একদিন হয়তো আমাদের জাতীয় খেলা বলেই আর কিছু থাকবে না। হাডুডু শুধু খেলা নয়, এটি বাংলাদেশের মাটি ও মানুষের আত্মপরিচয়। আধুনিকতার ধাক্কা থামানো যাবে না, কিন্তু ঐতিহ্যকে উপেক্ষা করে সামনে এগোনোও সম্ভব নয়। মেহেরপুর সদর উপজেলার চাদপুর গ্রামের সাহারুল ইসলাম বলেন, মেহেরপুর জেলায় এখনতো আর হাডুডু খেলা হয়না যদি কোনখানে এয় খেলা হয় সেখানেয় ছুটে যায়। আমার চোখে আজও ঝিলিক মারে ছোটবেলার হাডুডুর সেই সোনালি দিনগুলো। রহিম মিয়া বলেন, এখনকার ছেলে মেয়েরা সব সময় মোবাইল নিয়ে ব্যাস্ত থাকে। আমাদের সময় এসবকিছু ছিলোনা। আমরা বিকেল হলেয় মাঠে চলে যেতাম। সে সময় বিভিন্ন ধরনের খেলাধুলা করে বিকেলটা কাটাতাম। এছাড়াও পাড়ার মহল্লায় সাতগুটি, গোল্লাছুট, বুকগাদি, হাডুডু এয়সব খেলাধুলা হতো।

## মেহেরপুরকে নতুনভাবে গড়ার

(প্রথম পৃষ্টার পর)

ভুল দেখেন, নির্দ্বিধায় লিখবেন। এতে মান-অভিমানের কিছু নেই। চাইলে প্রকাশের আগে বক্তব্য নিতে পারেন। আর ভালো কাজ করলে তা প্রচার করবেন কি না–সেটা সাংবাদিকদের নিজস্ব সিদ্ধান্ত।" দায়িত্ববোধের প্রতীকী ঘোষণা করে ডিসি বলেন, "একটি ব্রিফকেস হাতে নিয়ে মেহেরপুরে এসেছি। যতদিন এই জেলার মানুষ মনে করবে আমি তাদের উন্নয়ন, নিরাপত্তা ও সুন্দর জীবনের জন্য কাজ করছি–ততদিন এই দায়িত্বে থাকবো। মানুষ অসন্তুষ্ট হলে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।" তিনি জেলা তথ্য বাতায়নের বিভিন্ন ত্রুটি ইতোমধ্যে নজরে এসেছে বলে জানান এবং তা আরও সমৃদ্ধ করতে কাজ শুরুর ঘোষণা দেন। জলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন এর সঞ্চালনায় সভায় বক্তব্য দেন– তোজাম্মেল আজম, তুহিন অরণ্য, মিজানুর রহমান, মাহবুবুল হক পোলেন, ফজলুল হক মন্টু, মাজেদুল হক মানিক, ইয়াদুল মোমিন, রাশেদুজ্জামান, মাহাবুব চান্দু, রফিকুল আলম, ওয়াজেদুল হক, আকতারুজ্জামান, দিলরুবা ইয়াসমিন ও মুজাহিদ আল মুন্না। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, স্থানীয় সরকার উপপরিচালক পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম ও জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন।

## মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ হাসিনাকে ফেরাতে

(প্রথম পৃষ্টার পর)

যাতে দেশটি শেখ হাসিনাকে ফিরিয়ে দিয়ে বাংলাদেশের মানুষের ন্যায়বিচারের আকাঙ্ক্ষা সম্মানিত করে। প্রসঙ্গত, গত ১৭ নভেম্বর আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালের আদেশে মানবতাবিরোধী অপরাধের দায়ে শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায় দেয়া হয়। এই রায়ের পরই সরকারের পক্ষ থেকে নতুন কূটনৈতিক ও আইনি প্রচেষ্টা শুরু হয়েছে বলে জানা গেছে। আসিফ নজরুল জানিয়েছেন, "আমরা সব দিক বিবেচনা করে আন্তর্জাতিক সহযোগিতা এবং কূটনৈতিক চ্যানেলের মাধ্যমে দ্রুততম সময়ে রায়প্রাপ্ত ব্যক্তিদের ফিরিয়ে আনার চেষ্টা করছি।"

## আমজাদ হোসেন: শিক্ষার ভিত্তি দুর্বল

(প্রথম পৃষ্টার পর)

নিজেদের নামের ইংরেজি বানানটিও ঠিকভাবে লিখতে পারছে না।" গতকাল বৃহস্পতিবার সকালে তিনি গাংনী সরকারি ডিগ্রি কলেজ পরিদর্শনকালে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। তিনি আরও বলেন, শিক্ষাপ্রতিষ্ঠান দল-মতের ঊর্ধ্বে থাকা উচিত। আগামী দিনে ধানের শীষের প্রতীক নিয়ে নির্বাচিত হলে কলেজের সার্বিক উন্নয়নের জন্য সরকারের কাছে শিক্ষার্থীদের অধিকার তুলে ধরবেন। শিক্ষার্থীদের মেধা বিকাশের সুযোগ সৃষ্টি, শিক্ষক সংকট ও অবকাঠামোগত সীমাবদ্ধতা দূর করতে জাতীয় কর্মপরিকল্পনা গ্রহণের প্রতিশ্রুতি দেন আমজাদ হোসেন। তিনি বলেন, "নকলের সংস্কৃতি চিরতরে বন্ধ করে শিক্ষার্থীদের যোগ্যতা ও প্রতিযোগিতার মাধ্যমে এগিয়ে যাওয়ার পরিবেশ তৈরি করাই হবে আমাদের প্রথম লক্ষ্য।" পরিদর্শনকালে তিনি বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ঘোষিত ৩১ দফা উন্নয়ন কর্মসূচি শিক্ষার্থীদের হাতে লিফলেট আকারে বিতরণ করেন। অনুষ্ঠানে কলেজের অধ্যক্ষ, উপজেলা বিএনপি নেতৃবৃন্দ, ছাত্রদল ও শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

# গৃহশিক্ষকতার পালাবদল: শিক্ষা ব্যবস্থার আস্থাহীনতার প্রতিচ্ছবি

মিজানুর রহমান অপু



গৃহশিক্ষকতা নতুন কিছু নয়। কিন্তু মেহেরপুরসহ দেশের বিভিন্ন জেলায় এখন যে চিত্র দেখা যাচ্ছে, তা আগের যেকোনো সময়ের তুলনায় আলাদা। গৃহশিক্ষকেরা গৃহে থাকেন না–কেবল আসেন, পড়িয়ে চলে যান। নতমুখে আসেন, আরও নত হয়ে ফেরেন। ছাত্র-ছাত্রীর সঙ্গে যেটুকু পাঠসেটি সেরে দেন, তাতেও আনন্দ নেই, নেই শিক্ষাদানের আত্মতৃপ্তি। বিদ্যার বোঝা হালকা হয়, কিন্তু গ্লানির বোঝা বাড়ে। তবে এটিই পুরো সত্য নয়। সমাজে এমন গৃহশিক্ষকও আছেন, যাঁরা ঝকঝকে–উচ্চ আয়ের, চাহিদাসম্পন্ন। কিন্তু সংখ্যাগরিষ্ঠ গৃহশিক্ষক ছোট দোকানদারের মতো–ফেরিওয়ালার মতো–বাড়ি বাড়ি গিয়ে ছাত্র খোঁজেন। অভিভাবকেরাই মালিক। তাঁরা বেতন দেন, শর্ত দেন, নিয়ন্ত্রণ করেন। সম্মানিত কিছু পরিবার অবশ্য শ্রদ্ধা দেখান, নাশতা দেন, স্যার ডাকেন–কিন্তু সম্পর্কটা শেষ পর্যন্ত পেশাগতই। একসময় আমাদের সমাজে ছিল 'জায়গির থাকা'র সংস্কৃতি। আবাসিক শিক্ষক পরিবারের সদস্যের মতো থাকতেন। মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ–এই অঞ্চলের বহু পরিবার এখনও সেই স্মৃতি বলে থাকে। সেই সম্পর্কের ছিল মানবিকতা, নিরাপত্তা, সহমর্মিতা। এখন সব বদলে গেছে। পুঁজিবাদ জিতে গেছে সামন্তবাদী মানবিকতাকে হারিয়ে। আজ গৃহশিক্ষকতা একেবারে খাঁটি বাজার-সম্পর্ক। বিদ্যা আজ পণ্য। শিক্ষক বিক্রেতা, অভিভাবক ক্রেতা। দুই পক্ষেরই আনন্দ নেই–কৃতজ্ঞতাও নেই। গৃহশিক্ষকরা সেবা বিক্রি করেন–এতে দোষের কিছু নেই। কারণ তাঁরাও মানুষ, সংসার আছে, বাজারের দামে তাঁদেরও কষ্ট। বিস্ময় হলো–যারা অন্যের সন্তান পড়াতে যান, তাঁদেরই অনেককে নিজের সন্তানের জন্য আবার কম খরচে আরেকজন গৃহশিক্ষক রাখতে হয়। অর্থের প্রতি আস্থা, বিদ্যার প্রতি নয়–এটাই বাস্তবতা। গৃহশিক্ষকতার বিস্তার শুধু বাজার অর্থনীতির প্রতিফলন নয়–এটা আমাদের শিক্ষা ব্যবস্থার প্রতি ভয়াবহ আস্থাহীনতার চিহ্ন। স্কুলে ক্লাস হয় কি না, শিক্ষক থাকেন কি না, পাঠদানের মান কেমন–এসব নিয়ে অভিভাবকেরা বিশ্বাস হারিয়ে ফেলেছেন। হাসপাতাল ব্যবস্থায় যেমন আস্থা না থাকায় মানুষ ছুটে যায় প্রাইভেট চেম্বারে, শিক্ষা ব্যবস্থায়ও ঠিক তাই–স্কুলে আস্থা নেই, তাই কোচিং আর গৃহশিক্ষকের দিকে ঝুঁকে পড়ছে পরিবারগুলো। পার্থক্য শুধু এই–ডাক্তার বা উকিলকে বাসায় আনা কঠিন; কিন্তু গৃহশিক্ষককে আনতে কোনো বাধা নেই। কারণ সমাজ তাঁদের অবিচ্ছেদ্য মনে করে না–'যে কেউ শিক্ষক হতে পারে' এই ভুল ধারণার কারণেই শিক্ষকতার মর্যাদা কমেছে।

বাংলাদেশ একসময় সমষ্টির স্বপ্ন নিয়ে জন্মেছিল। এখন সে স্বপ্ন ভেঙে গিয়ে দাঁড়িয়েছে ব্যক্তির জাতিতে। স্কুলে আস্থা নেই–ব্যক্তিগত উদ্যোগে সন্তানকে শিখিয়ে নিতে হবে–এই বিশ্বাসই গৃহশিক্ষকের দরজা খুলে দিয়েছে সর্বত্র। সবচেয়ে বড় বৈষম্য? যাদের সামর্থ্য আছে, তারা গৃহশিক্ষক রাখে। যাদের নেই, তারা পিছিয়ে পড়ে। মেহেরপুরের গ্রামাঞ্চলে–রূপচাঁদপুর, ধলা, আমঝুপি–অনেক মেধাবী শিক্ষার্থীর পথ আটকে যাচ্ছে এই কারণে। শিক্ষকেরাও হারিয়েছেন সমাজের প্রতি আস্থা। সম্মান দিয়ে সংসার চলে না–এই বাস্তবতা তাঁরা এবং তাঁদের পরিবার ত্যক্ত হয়ে বলছেন।

'লেখাপড়া করলে গাড়ি-ঘোড়ায় চড়া যায়'–এই পুরোনো বাণী আজ পুরোপুরি ভেঙে পড়েছে। শিক্ষকতার মাধ্যমে অর্থনৈতিক উন্নতি সম্ভব–এই ধারণাও প্রায় শেষ হয়ে এসেছে। সমাধান একটাই–স্কুলে মান ফিরিয়ে আনা, শিক্ষকতার মর্যাদা পুনঃপ্রতিষ্ঠা করা। নইলে গৃহশিক্ষকতা বাড়তেই থাকবে–আর আমাদের শিক্ষা ব্যবস্থার দুর্বলতার দলিল হয়ে উঠবে প্রতিদিন।

# ভুল হলে দ্রুত আল্লাহর কাছে ক্ষমা চাওয়া

ওমর ফারুক

ইস্তিগফার বা ক্ষমা প্রার্থনা শব্দটি এসেছে আরবি গাফারা থেকে, যার অর্থ ঢেকে দেওয়া বা গোপন রাখা। আল্লাহ যখন বান্দার পাপ আড়াল করেন, তখনই তাঁর ক্ষমা প্রাপ্তি ঘটে। তাই ইস্তিগফার এমন এক আবেদন, যেখানে বান্দা নিজের সীমালঙ্ঘনের জন্য আল্লাহর দয়া ও ক্ষমা কামনা করে।

মুসলমানদের কেউই ক্ষমা প্রার্থনার প্রয়োজন থেকে মুক্ত নয়–ধর্মপরায়ণতা বা ঈমান যতই দৃঢ় হোক না কেন। এমনকি মহানবী মুহাম্মদ (সা.) প্রতিদিন বহুবার আল্লাহর কাছে ক্ষমা চাইতেন। আবু হুরায়রা (রা.) বর্ণনা করেন, রাসুল (সা.) বলেছেন, 'আল্লাহর কসম! আমি প্রতিদিন সত্তরবারেরও বেশি আল্লাহর কাছে ক্ষমা চাই এবং তাঁর কাছে তাওবা করি।' (বুখারি, হাদিস ৬৩০৭) কোরআনে ইস্তিগফারের অসংখ্য উপকারের কথা এসেছে। সুরা নুহে বলা হয়েছে, ক্ষমা প্রার্থনা বরকত, রিজিক বৃদ্ধি, সন্তান-সন্ততি ও শান্তির পথ উন্মুক্ত করে। একইভাবে সুরা নিসায় আল্লাহ বলেন, যে পাপের পর ক্ষমা চায়, সে আল্লাহকে ক্ষমাশীল ও দয়ালু রূপেই পায়। ক্ষমা প্রার্থনাকারীদের প্রতি আল্লাহর বিশেষ ভালোবাসা রয়েছে। সুরা বাকারায় উল্লেখ আছে, আল্লাহ তাওবাকারী ও পবিত্রতার অনুসারীদের ভালোবাসেন। তাছাড়া ইস্তিগফার আল্লাহর শাস্তি থেকে রক্ষারও এক নিরাপদ আশ্রয়–সুরা আনফালে বলা হয়েছে, বান্দারা যতক্ষণ ক্ষমা প্রার্থনা করে, ততক্ষণ তাঁদের ওপর শাস্তি নাযিল হয় না। হাদিসে আরও এসেছে, যে নিয়মিত ইস্তিগফার করে, আল্লাহ তাকে দুশ্চিন্তা থেকে মুক্তির পথ দেখান এবং অপ্রত্যাশিতভাবে রিজিক প্রদান করেন। অতএব, ইস্তিগফার শুধু পাপ মোচনের মাধ্যম নয়; এটি হৃদয়ের প্রশান্তি, জীবনের সংকটমোচন ও আল্লাহর নৈকট্য লাভের উত্তম উপায়।

## কৃষকের গোয়াল ঘর থেকে গাভী চুরি

(প্রথম পৃষ্টার পর)

নিয়ে যাচ্ছে। এসময় পরিবারের লোকজনের চিৎকারে চোরের দল চারটি গরু ফেলে রেখে এক গাভী নিয়ে পালায়। চুরি হওয়া গাভীর মূল্য প্রায় দুই লাখ টাকা। স্থানীয় মোকলেস হোসেন বলেন, বাড়িটি উঁচু করে সীমানা প্রাচীর দিয়ে ঘেরা এবং প্রধান সড়কের পাশে অবস্থিত। অথচ এর মধ্যেও চুরির ঘটনা সংঘটিত হওয়ায় এটি দুঃসাহসিক ঘটনা হিসেবে দেখছেন। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানি ইসরাইল জানান, চুরির বিষয়ে তদন্ত শুরু হয়েছে এবং চোরদের ধরতে পুলিশ চেষ্টা চালাচ্ছে। উল্লেখ্য, মেহেরপুরের বিভিন্ন গ্রামে প্রতিরাতে গরু চুরির ঘটনা ঘটছে, যা খামারিদের মধ্যে চুরি আতঙ্ক তৈরী করছে।

## নবাগত ডিসির সাথে পূজা পরিষদ-

(প্রথম পৃষ্টার পর)

কুমার সাহা, কার্তিক চন্দ্রসহ অন্যান্য নেতৃবৃন্দ। তারা নবাগত জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা জানিয়ে পূজা উদযাপনকে কেন্দ্র করে বিভিন্ন সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেন। পরে পৃথকভাবে সৌজন্য সাক্ষাৎ করেন মেহেরপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক নাসিমা খাতুন। তিনি জেলা প্রশাসককে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এ সময় অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। নারী অধিকার, উন্নয়ন ও সুরক্ষা কার্যক্রম নিয়েও মতবিনিময় হয়। জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির দুই পক্ষের নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে জেলার শান্তি-শৃঙ্খলা ও সেবামূলক কার্যক্রম আরও গতিশীল করার প্রত্যয় ব্যক্ত করেন।

## জীবননগরে মাদকবিরোধী অভিযানে

(প্রথম পৃষ্টার পর)

থেকে আনুমানিক ২ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে জীবননগর উপজেলার সন্তোষপুর গ্রামের মাঠপাড়ায় অভিযান চালায়। এ সময় রাস্তার ওপর থেকে মালিকবিহীন একটি মোটরসাইকেলসহ ৫৭ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করা হয়। এছাড়া রাজাপুর বিওপির একটি দল নায়েক সেলিম রায়হানের নেতৃত্বে সকাল পৌনে ৮টার দিকে সীমান্ত পিলার ৭৪/এমপি থেকে আনুমানিক ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে সিংনগর গ্রামের হালপাড়ার মাঠে অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় চার কেজি গাঁজা উদ্ধার করে।

## সংবিধানে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা

(প্রথম পৃষ্টার পর)

গোলাম পরওয়ার ও বীর মুক্তিযোদ্ধা মোফাজ্জল হোসেন পৃথকভাবে রায় পুনর্বিবেচনার আবেদন করেন। এসব আবেদনের ওপর শুনানি শেষে আপিল বিভাগ গত ২৭ আগস্ট রায় পুনর্বিবেচনার আবেদন মঞ্জুর করে নতুন করে আপিল শুনানির সিদ্ধান্ত দেন। দীর্ঘ শুনানি শেষে আজ এ বহুল প্রতীক্ষিত রায় ঘোষণা করা হলো। ২০১১ সালের ১০ মে আওয়ামী লীগ সরকারের আমলে আপিল বিভাগ ত্রয়োদশ সংশোধনী বাতিল ঘোষণা করে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত করেন। সেই রায়ের পুনর্বিবেচনার মধ্য দিয়ে দেশের রাজনৈতিক পরিমণ্ডলে নতুন অধ্যায়ের সূচনা হলো আজকের রায়ে। রায়কে কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনে ইতোমধ্যে নতুন আলোচনার ঝড় বয়ে গেছে। দেশের নির্বাচনব্যবস্থায় একটি বড় পরিবর্তনের দ্বারও খুলে দিল এই ঐতিহাসিক রায়।

## আল-আকসা মডেল মাদ্রাসার উদ্বোধন

(প্রথম পৃষ্টার পর)

বলেন, আধুনিক পাঠ্যক্রম ও ইসলামী মূল্যবোধের সমন্বয়ে শিক্ষার্থীদের নৈতিক ও চারিত্রিক উৎকর্ষ গঠনে এই মাদ্রাসা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। পরে দেশের কল্যাণ ও শিক্ষাপ্রতিষ্ঠানের অগ্রগতি কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।

## অটো চালকদের নিয়ে জামায়াতের

(প্রথম পৃষ্টার পর)

অতিথি ছিলেন মেহেরপুর-৭৩-১ আসনের জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য প্রার্থী মাওলানা তাজউদ্দীন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমীর মাওলানা মহাবুব উল আলম, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, আদর্শ শিক্ষক ফেডারেশনের মেহেরপুর জেলা সভাপতি আল আমিন বকুল, জেলা ব্যবসায়ী বিভাগের সভাপতি খালিদ সাইফুল ইসলাম, পৌর ৮ নম্বর ওয়ার্ডের সভাপতি সোহেল রানা এবং পৌর ৯ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক সোহেল রানা। সম্মেলনে অটোরিকশা চালকদের বিভিন্ন সমস্যা, পেশাগত নিরাপত্তা, ন্যায্য উপার্জন ও সংগঠনের সঙ্গে তাদের সম্পৃক্ততা বিষয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠানে অটোরিকশা চালকেরা উল্লেখযোগ্য সংখ্যায় উপস্থিত ছিলেন।

## এখনও ইসির ডাক পায়নি জাপা ও

(প্রথম পৃষ্টার পর)

আমন্ত্রণ জানায় ইসি। এর মধ্যে বাংলাদেশ জাতীয় পার্টি-বিজেপি ছাড়া অন্য সব দলই সংলাপে অংশ নেয়। ইসির তালিকা অনুযায়ী বর্তমানে প্রকৃত নিবন্ধিত রাজনৈতিক দল রয়েছে ৫৫টি। তাদের মধ্যে সাতটি এখনও সংলাপের আমন্ত্রণ পায়নি। এগুলো হলো– জাতীয় পার্টি (জাপা), জাসদ, ওয়ার্কার্স পার্টি, সাম্যবাদী দল, জেপি (মঞ্জু), তরিকত ফেডারেশন, গণতন্ত্রী পার্টি। ১৪ দলের শরিক ন্যাপ ইতোমধ্যে সংলাপে অংশ নিলেও বাকি ছয় শরিক এ সুযোগ পাচ্ছে না। এ বিষয়ে জানতে চাইলে ইসির জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ বলেন, "যাদের সঙ্গে মতবিনিময়ের সিদ্ধান্ত ছিল, তাদের সঙ্গে আলোচনা হয়েছে। এই মুহূর্তে আর কোনো দলের সঙ্গে মতবিনিময়ের প্রয়োজন আছে বলে কমিশনের কাছে প্রতীয়মান হয় না।" অর্থাৎ সংলাপ এখানেই শেষ হওয়ার ইঙ্গিতই দিলেন তিনি। ৫ আগস্টের পটপরিবর্তন ও গণঅভ্যুত্থানের পর আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করা হয় নির্বাহী আদেশে। পরবর্তীতে ইসি দলটির নিবন্ধন স্থগিত করে। গণঅভ্যুত্থানে অংশ নেওয়া বহু দল তখন জাতীয় পার্টি ও ১৪ দলের শরিকদেরকেও 'ফ্যাসিবাদের সহযোগী' আখ্যা দিয়ে তাদের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ ও নিবন্ধন বাতিলের দাবি তোলে। কিছু দল ইসিতে লিখিত আবেদনও জমা দেয় সংলাপে না ডাকতে। এসব চাপের মুখে ইসি আগের নীতিগত সিদ্ধান্ত থেকে সরে আসে– বলে জানা গেছে সংশ্লিষ্ট সূত্রে। এই দলগুলো প্রধান উপদেষ্টার বৈঠক ও জাতীয় ঐকমত্য কমিশনের সংস্কার আলোচনাতেও ডাক পায়নি। ইসি সূত্র বলছে, নিবন্ধিত সব দলকে সংলাপে ডাকার নীতিগত সিদ্ধান্ত থাকলেও রাজনৈতিক চাপ ও বিতর্ক এড়াতে কমিশন শেষ পর্যন্ত ৪৮ দলের সংলাপকেই চূড়ান্ত করতে পারে। সাত দলের সঙ্গে সংলাপ হবে কি না– তা নিয়ে এখনো স্পষ্ট ঘোষণা না এলেও, বাস্তবতা বলছে এবার তাদের মতামত শোনা হচ্ছে না।

## জেলা প্রশাসক সকলকে ঐক্যবদ্ধভাবে

(প্রথম পৃষ্টার পর)

ছিলেন। এসময় উপস্থিত ছিলেন পুলিশ সুপার মনজুর আহমেদ সিদ্দিকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তিরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক পার্থ প্রতিম শীল, এলজিআইডির নির্বাহী প্রকৌশলী সাখাওয়াত হোসেন, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এস,এম রফিকুল হাসান, সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মুহাঃ আবদুল্লাহ আল আমিন, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার আব্দুর রহিম, ইসলামিক ফাউণ্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির, টিটিসির অধ্যক্ষ ড. মোঃ শামীম হোসেন, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন, জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, জেলা যুব উন্নয়নের অধিদপ্তরের সহকারী-পরিচালক ওবায়দুল বাসার, জেলা কৃষি বিপনন কর্মকর্তা তারিকুল ইসলাম, জেলা মৎস্য কর্মকর্তা সাধন সরকার, সড়ক ও জনপদ বিভাগের প্রকৌশলী মিজানুর রহমান, জেলা নির্বাচন অফিসার মোঃ এনামুল হক, বন বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা এইচ টি হামিম, উপানুষ্ঠানিক শিক্ষা বিভাগের কর্মকর্তা শুরুজুজামান, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহামুদ, পরিসংখ্যান কর্মকর্তা বশির উদ্দীন, জেলা মদ্যপদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা বেলাল হোসেন প্রমুখ। সভায় জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির বলেন, "মেহেরপুরের উন্নয়নের জন্য সকল সরকারি, আধাসরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় ও ঐক্য অত্যন্ত জরুরি। আমাদের লক্ষ্য প্রতিটি উন্নয়নমূলক কর্মকাণ্ডকে সময়মতো সম্পন্ন করা এবং জনসাধারণের সেবা নিশ্চিত করা। এজন্য সকলকে একসাথে কাজ করতে হবে।" এছাড়াও সভায় জেলার বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, অবকাঠামো ও সামাজিক উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে যে অগ্রগতি হয়েছে এবং যেসব সমস্যার সমাধান প্রয়োজন তা নিয়েও সংশ্লিষ্ট কর্মকর্তারা আলোচনা করেন। সভায় পরিকল্পনা বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।

## শেয়ারবাজার সংক্রান্ত মামলায় সাকিব আল হাসানকে দুদকে তলব

সূর্যোদয় প্রতিবেদন

শেয়ারবাজারে অনিয়ম ও অর্থ লেনদেন সংক্রান্ত মামলার আসামি ক্রিকেটার ও মাগুরা-১ আসনের সাবেক সংসদ সদস্য সাকিব আল হাসানকে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। দুদকের প্রধান কার্যালয় বৃহস্পতিবার পাঠানো চিঠিতে সাকিবকে আগামী ২৬ নভেম্বর হাজির হওয়ার জন্য বলা হয়েছে। দুদকের মহাপরিচালক জানান, মো. আবুল খায়ের ওরফে হিরু শেয়ারবাজারে অনিয়ম ও কারসাজির মাধ্যমে বিনিয়োগকারীদের ক্ষতি করান এবং সেখান থেকে অর্জিত অর্থ বিভিন্ন খাতে লেয়ারিং করেন। এই ঘটনায় সাকিব আল হাসানসহ ১৫ জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। মামলা অনুসারে, গত ১৭ জুন শেয়ারবাজারে কারসাজির মাধ্যমে ২৫৬ কোটি টাকার বেশি অর্থ আত্মসাতের অভিযোগে সাকিব আল হাসান ও সমবায় অধিদপ্তরের উপনিবন্ধক মো. আবুল খায়েরসহ কয়েকজনের বিরুদ্ধে মামলা করা হয়। মামলাটি ঢাকার সমন্বিত জেলা কার্যালয়ে দুদকের সহকারী পরিচালক সাজ্জাদ হোসেন দায়ের করেন। দুদকের উপপরিচালক মো. আকতারুল ইসলাম জানিয়েছেন, সাকিবকে আগামী ২৬ নভেম্বর সকাল ১০টায় প্রধান কার্যালয়ে উপস্থিত হয়ে মামলার বিষয়ে বক্তব্য দিতে বলা হয়েছে। পাশাপাশি তার বিরুদ্ধে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগেও অনুসন্ধান চলছে এবং এই সংক্রান্ত জিজ্ঞাসাবাদ করা হবে। সাকিব আল হাসানকে কেন্দ্র করে ক্ষমতার পরিবর্তনের পর আদাবর থানায় একটি হত্যা মামলা দায়ের হয়েছিল। এরপর ১৯ জানুয়ারি চেক ডিজঅনার মামলায় সাকিবসহ চারজনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়। দুদকের তলবের মাধ্যমে শেয়ারবাজারে অনিয়ম ও অর্থ লেনদেনের তদন্ত আরও ত্বরান্বিত হওয়ার আশা করা হচ্ছে।

## ব্যাটিংয়ের পর বল হাতেও বাংলাদেশের দাপট

সূর্যোদয় প্রতিবেদন

মিরপুরে আইরিশদের বিপক্ষে টেস্টের দ্বিতীয় দিনেও বাংলাদেশের দাপট অব্যাহত থাকে। প্রথম দিনের পারফরম্যান্সের ধারাবাহিকতায় বুধবার ৯৯ রানে অপরাজিত থাকা মুশফিকুর রহিম নিজের সেঞ্চুরি পূর্ণ করেন। টেস্টের শততম ম্যাচে সেঞ্চুরি করে তিনি বিশ্বের মাত্র ১১তম ব্যাটার হিসেবে অনন্য কীর্তি গড়েন। মুশফিক ১০৬ রানে আউট হওয়ার পর লিটন দাসও তুলে নেন নিজের সেঞ্চুরি; তার ইনিংস থামে ১২৮ রানে। মুমিনুল হক করেন ৬৩ এবং মেহেদী হাসান মিরাজ যোগ করেন ৪৭ রান। দলের ইনিংস থামে ৪৭৬ রানে। আজ আয়ারল্যান্ডের ব্যাটিং শুরু হলেও সফরকারীরা সহজে টার্গেট ছাড়াতে পারেনি। ওপেনার অ্যান্ডি বার্লবির্নি মাত্র ২১ এবং পল স্টার্লিং ২৭ রান করে এলবিডব্লিউ হয়ে ফিরেন। ক্যাড কারমাইকেলও ১৭ রানে ফেরেন। পরে হ্যারি টেক্টর ও কার্টিস ক্যাম্পারকেও দ্রুত ফিরিয়ে দেন তাইজুলমুরাদ জুটি। দিনের শেষে আয়ারল্যান্ডের স্কোর দাঁড়ায় ৯৮/৫, ফলে ফলো-অনের আশঙ্কায় পড়ে সফরকারীরা। বাংলাদেশ টেস্ট ইতিহাসে মাত্র তৃতীয় দল হিসেবে একই ইনিংসে চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ উইকেটে ১০০ রানের জুটি গড়ার রেকর্ড তৈরি করেছে। মুশফিকুমুমি-নুল ১০৭, মুশফিকুলিটন ১০৮ এবং লিটনমিরাজ ১২৩ রানের জুটি গড়ে এই কীর্তি। মুশফিক ও লিটনের জুটিই বাংলাদেশের হয়ে টেস্টে সপ্তমবার শতরানের জুটি গড়ে। মুশফিক ২১৪ বলে ৫ চার মেরে আউট হন, লিটন ১৯২ বলে ১২৮ রানে খেলেন ৮ চার ও ৪ ছক্কায়। মিরাজের ইনিংস ছিল ৪৭ রান। শেষ দিকে এবাদত হোসেন ১৮ রানে অপরাজিত থাকেন। আইরিশ বোলারদের মধ্যে সফলতম ছিলেন অভিজ্ঞ স্পিনার অ্যান্ডি ম্যাকব্রাইন, যিনি ৬ উইকেট নেন। ম্যাথু হাম্প্রিস ও গ্যাভিন হোয়ে নেন ২টি করে উইকেট। বাংলাদেশ প্রথম দিনের শানকে ধরে রেখে ব্যাটিং ও বোলিং উভয় ক্ষেত্রেই ম্যাচে দাপট দেখাচ্ছে।

## কারাপ্রাঙ্গণ থেকে ইমরান খানের তিন বোন আটক

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের রাওয়ালপিন্ডির আদিয়ালা কারাগারের সামনে থেকে সাবেক প্রধানমন্ত্রী ইমরান খানের তিন বোন–আলিমা খান, নওরিন নিয়াজি ও উজমা খানকে আটক করেছে পুলিশ। কারাবন্দি ভাইয়ের সঙ্গে নিয়মিত সাক্ষাৎ করতে না দেওয়ার প্রতিবাদে তারা মঙ্গলবার কারাপ্রাঙ্গণের সামনে অবস্থান নিয়ে শান্তিপূর্ণভাবে বসে ছিলেন। ইমরানের রাজনৈতিক দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) অভিযোগ করেছে, আটক করার আগে পুলিশ ইমরানের বোনদের সঙ্গে অশোভন আচরণ ও জোরপূর্বক হস্তক্ষেপ করেছে। দলটির নেতাদের দাবি, আদালতের নির্দেশ থাকা সত্ত্বেও কারা কর্তৃপক্ষ ইমরান খানের সঙ্গে পরিবার বা দলীয় নেতাকর্মীদের সাক্ষাৎ করতে দিচ্ছে না। এর প্রতিবাদে পিটিআই নেতাকর্মীসহ পরিবারের সদস্যরা কারাগারের বাইরে জড়ো হলে পুলিশ অভিযান পরিচালনা করে। মধ্যরাতে সামাজিক মাধ্যম এক্সে দেওয়া বিবৃতিতে পিটিআই জানায়, আলিমা, নওরিন ও উজমা শান্তভাবে অবস্থান করছিলেন। এ সময় খাইবার পাখতুনখাওয়ার স্থানীয় সরকারমন্ত্রী মিনা খান আফ্রিদি, এমএনএ শাহিদ খট্টকসহ কয়েকজন নারী নেত্রীও পুলিশের আচরণের শিকার হন এবং তাঁদের আটক করা হয়। দলটি প্রশ্ন তোলে–আদালতের নির্দেশ অনুযায়ী একজন বন্দির ন্যায্য অধিকার হিসেবে ইমরান খানের পরিবারের সঙ্গে সাপ্তাহিক সাক্ষাৎ কেন বন্ধ রাখা হচ্ছে? ঘটনার কয়েকটি ভিডিও পিটিআই কর্মীরা সামাজিকমাধ্যমে প্রকাশ করেছেন। এক ভিডিওতে দেখা যায়, নওরিন নিয়াজি তীব্র শারীরিক ও মানসিক চাপে কাঁপছেন, পাশে বসে আছেন আলিমা ও উজমা। তাঁদের চারপাশে দাঁড়িয়ে থাকা দলীয় কর্মীরা নওরিনকে শান্ত রাখার চেষ্টা করছেন। ঘটনার পরিপ্রেক্ষিতে পিটিআই কারা কর্তৃপক্ষ ও পুলিশের বিরুদ্ধে আদালতের আদেশ অমান্য এবং দমন-পীড়নের অভিযোগ পুনর্ব্যক্ত করেছে।

## নিষেধাজ্ঞার পর ভারতে রাশিয়ার তেল সরবরাহে বড় ধাক্কা

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার দুটি প্রধান জ্বালানি কোম্পানি–রসনেফট ও লুকঅয়েলের ওপর যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা আরোপের পর ভারতের রুশ তেল আমদানিতে ব্যাপক পতন ঘটেছে। চলতি নভেম্বর মাসে দেশটিতে রাশিয়া থেকে জ্বালানি তেল সরবরাহ আগের তুলনায় ৬৬ শতাংশ কমে গেছে। ইউক্রেন যুদ্ধ ঘিরে চাপ বাড়ানোর কৌশল হিসেবে গত মাসে এই নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। ডেটা বিশ্লেষণকারী সংস্থা কেপলারের তথ্য উদ্ধৃত করে টাইমস অব ইন্ডিয়া জানিয়েছে, ১ থেকে ১৭ নভেম্বর প্রতিদিন ভারতে রুশ তেলের গড় সরবরাহ ছিল ৬ লাখ ৭২ হাজার ব্যারেল, যেখানে এক মাস আগেই এ পরিমাণ ছিল ১.৮৮ মিলিয়ন ব্যারেল। শুধু ভারত নয়, বৈশ্বিক পর্যায়েও রাশিয়ার তেল রপ্তানি ২৮ শতাংশ কমেছে। চীনে সরবরাহ কমেছে ৪৭ শতাংশ, তুরস্কে ৮৭ শতাংশ। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো–রাশিয়া থেকে রওনা হওয়া প্রায় অর্ধেক তেলবাহী ট্যাংকার নির্দিষ্ট গন্তব্য ছাড়াই সাগরে ভাসছে, যা সরাসরি ইঙ্গিত দিচ্ছে–নিষেধাজ্ঞার কারণে এগুলো ক্রেতা খুঁজে পাচ্ছে না। গত মাসে রাশিয়ার মোট রপ্তানিকৃত তেলের ৯০ শতাংশ গেছে ভারত, চীন ও তুরস্কে। সাধারণত রুশ তেল ভারতে পৌঁছাতে প্রায় এক মাস সময় লাগে। ফলে নভেম্বরের চালানগুলো ডিসেম্বরেই পৌঁছাবে। এই অনিশ্চয়তার মধ্যেই ভারতীয় তেল পরিশোধনকারীরা নতুন অর্ডার কমিয়ে দিচ্ছেন এবং আগের চালান দ্রুত আসার ওপর গুরুত্ব দিচ্ছেন। কেপলারের রিফাইনিং ও মডেলিং প্রধান বিশ্লেষক সুমিত রিতোলিয়া ইকোনমিক টাইমসকে বলেন, রাশিয়ার অপরিশোধিত তেল বাণিজ্যে বড় ধরনের পরিবর্তন দেখা যাচ্ছে। পশ্চিমা নিষেধাজ্ঞা কঠোর হওয়ায় মুম্বাই উপকূলের মতো অস্বাভাবিক স্থানে জাহাজ থেকে জাহাজে (এসটিএস) স্থানান্তর এখন নিয়মিত হচ্ছে। হেলসিঙ্কিভিত্তিক সেন্টার ফর রিসার্চ অন এনার্জি অ্যান্ড ক্লিন এয়ার (সিআরইএ) জানায়, শুধু অক্টোবরেই রাশিয়ার মোট জ্বালানি পরিবহনের ৪৪ শতাংশ সম্পন্ন হয়েছে নিষিদ্ধ ট্যাংকারে। এসব ট্যাংকারে তেল ঢুকিয়ে পরে তা নিষেধাজ্ঞাহীন জাহাজে স্থানান্তর করে ভারতের মতো বাজারে পাঠানো হচ্ছে–যা রাশিয়ার ক্রমবর্ধমান 'অস্বচ্ছ পরিবহন নেটওয়ার্কের' ইঙ্গিত দিচ্ছে।